



ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর অর্থায়নে এবং শর্তাধীনে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট, মুক্তিযুদ্ধের সংগঠকদের জীবন ও অবদানসহ বাংলাদেশের অভ্যুদয় ও ভাষা আন্দোলন সংক্রান্ত বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের বিভাগসমূহ এবং ইনস্টিটিউটের পিএইচ.ডি গবেষকদের মধ্যে ২টি “বঙ্গবন্ধু পিএইচ.ডি ছাত্র বৃত্তি” প্রদান করা হবে। এ লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পিএইচ.ডি গবেষকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নির্ধারিত ফরম রেজিস্ট্রারের অফিস(কক্ষ নং-৩২৩) থেকে ০৩/১০/২০২১ তারিখ থেকে ০২/১১/২০২১ তারিখ পর্যন্ত সংগ্রহ করা এবং জমা দেয়া যাবে।

বৃত্তির শর্তাবলি :

গবেষণা কর্মটির বিষয়বস্তু ও পরিধি অবশ্যই বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট, মুক্তিযুদ্ধের সংগঠকদের জীবন ও অবদানসহ বাংলাদেশের অভ্যুদয় ও ভাষা আন্দোলন ভিত্তিক হতে হবে। গবেষককে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে কোন বিভাগে পিএইচ.ডি. প্রোগ্রামে গবেষণারত হতে হবে। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত যে সকল প্রার্থীদের আবেদন রেজিস্ট্রেশনের জন্য প্রক্রিয়াধীন আছে তাঁরাও এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

১. পিএইচ.ডি গবেষণা বৃত্তি সর্বোচ্চ ৩ বছরের জন্য প্রদান করা হবে।
২. গবেষণা বৃত্তি প্রতিমাসে প্রত্যেক গবেষককে ৩০,০০০/ (ত্রিশ হাজার) টাকা এবং গবেষণা কাজে অন্যান্য সহায়তা হিসেবে গবেষণা খিসিস জমা দেয়ার পর এককালীন সর্বোচ্চ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা প্রদান করা হবে।
৩. পিএইচ.ডি গবেষণা বৃত্তির জন্য আবেদনকারীদের মধ্যে পূর্ণকালীন ছুটি গ্রহণকারী চাকুরীরত প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।


প্রশাসনিক ভবন  
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

  
প্রবীর কুমার সরকার  
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
তারিখ: ১৫/১০/২০২১


স্মারকনং-রেজি/শিক্ষা-১/ ১১৭০৭ - ১৫৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো :-

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ব্যাপকভাবে প্রচারের অনুরোধসহ)
২. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ব্যাপকভাবে প্রচারের অনুরোধসহ শিক্ষকদের কপি প্রদান করা যেতে পারে)
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ব্যাপকভাবে প্রচারের অনুরোধসহ শিক্ষকদের কপি প্রদান করা যেতে পারে)
৪. প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, সকল হল ও হোস্টেল, ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. ব্যবস্থাপনা পরিচালক, মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, স্বাধীনতা ভবন, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা
৬. পরিচালক, ভাষা শহীদ আবুল বরকত স্মৃতি জাদুঘর ও সংগ্রহশালা, ঢাকা বিশ্ববিদ্যালয়
৭. পরিচালক, বাংলাদেশের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়
৮. পরিচালক (কল্যাণ), মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, গুলিস্তান কমপ্লেক্স (৭ম তলা), ঢাকা
৯. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০. পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়। [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য ১(এক)টি ইংরেজি পত্রিকাসহ কমপক্ষে ৩(তিন)টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য]
১১. সকল ডেপুটি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১২. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৩. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের অফিস (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৪. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের অফিস (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৫. ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৬. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢা বি-এই বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য উপাচার্য মহোদয়ের আদেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।
১৭. প্রিন্সিপ্যাল স্টোর অফিসার, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৮. নোটিশ বোর্ড, রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৯. ই-মেইল নোটিশ (du-notice@duregistrar.net), রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।

 ৩মের মাঠে মেম্বার হেড

১. Sharmin  
২০/১০/২১

  
১৫.১০.২০২১  
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-১)  
ঢাকা বিশ্ববিদ্যালয়

Prof. Sayema Sharmin  
Chairperson  
Statistics